দৈনিক বাংলা

তারিখ 2 9 JUL 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

# …না শিক্ষা অফিসারের ৪৪টি পদ বৃদ্ধি

**মিডিয়া সিন্ডিকেট** ঃ থানা শিক্ষা অফিসারের শূন্য পদের সংখ্যা ৪৪টি বৃদ্ধি করা হয়েছে। ফলে গত এপ্রিল মাসে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয় কর্তৃক প্রচারিত বিজ্ঞপ্তিতে থানা শিক্ষা অফিসার-এর শূন্য পদের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়ালো ১৪৬টিতে। ১৪৬টি শূন্য পদের নিয়োগের জন্য ২৩ হাজার ৮শ' ৬৫ জন প্রতিযোগী প্রতি-দ্বন্দ্বিতা করছেন। অন্যদিকে সহকারী থানা শিক্ষা অফিসারের ৩৫২টি শূন্য পদের জন্য আবেদন করেছেন ১৮ হাজার ৬শ' ৭৪ জন প্রার্থী। এক্ষেত্রে ৬টি পদ বাড়ানো হয়েছে। অবশ্য বিজ্ঞাপিত ৩৫২টি শূন্য পদের ৫০ শতাংশ পদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য সংরক্ষিত। তবে সংরক্ষিত আসনে প্রয়োজনীয় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বহিরাগত প্রার্থীদের দ্বারা শূন্যপদ পূরণ করা হবে। উভয় পদে যোগ্যতা চাওয়া হয়েছে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। থানা শিক্ষা অফিসার এবং সহকারী থানা শিক্ষা অফিসারের মোট ৪৯৮টি পদের জন্য আবেদনকারীর সংখ্যা সাড়ে ৪২ হাজার। অধিকাংশ প্রার্থী একই সঙ্গে দুইটি পদে আবেদন করেছেন। কমিশন সূত্রে জানা যায়, থানা শিক্ষা অফিসার ও সহকারী থানা শিক্ষা অফিসারের বাছাই পরীক্ষা সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হবে। এর পূর্বে সপ্তদশ বিসিএস পরীক্ষার প্রাথমিক বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হবে।